

অতি জরুরী

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
নায়েম ক্যাম্পাস, একাডেমিক ভবন (৬ষ্ঠ তলা)
ধানমন্ডি, ঢাকা- ১২০৫।
ফ্যাক্সঃ ৫৫১৬৭৪২৭, ওয়েবসাইটঃ www.ntrca.gov.bd

স্মারক নং বেশিনিক/শিশি/নতুন/নিয়োগ/৫৭৪/২০১৬-১৮৯

তারিখঃ ৩১/১০/২০১৬।

বিষয়ঃ শূন্য পদের হিসাব প্রেরণ প্রসঙ্গে।

বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষার আওতায় লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশের বিষয়টি বিদ্যমান শূন্য পদের সাথে সম্পর্কিত। তজ্জন্য ইতোপূর্বে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হতে বিগত ৩০/০৬/২০১৬ তারিখ পর্যন্ত যে সকল পদে নিয়োগের জন্য ই-রিকুইজিশন প্রদান করা হয়েছে, সে পদগুলো বাদ দিয়ে অবশিষ্ট বিদ্যমান শূন্য পদের হিসাব অনলাইনে প্রদানের জন্য ০৭/০৯/২০১৬ তারিখের ১৫২ নং স্মারকে দেশের সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হয়। পরবর্তীতে এসএমএস-এর মাধ্যমে কয়েক দফা তাগিদ প্রদান করা সত্ত্বেও বেশ কিছু প্রতিষ্ঠান উক্ত তথ্য প্রদান করেননি। যে সকল প্রতিষ্ঠান থেকে অনলাইনে তথ্য পাওয়া গেছে তাদের মধ্যে কোন কোন প্রতিষ্ঠান পূর্বে ই-রিকুইজিশন প্রদত্ত পদসমূহও অন্তর্ভুক্ত করেছেন, যা যথাযথ পরবর্তী ব্যবস্থা গ্রহণের উপযোগী নয়।

চলতি ত্রয়োদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৬ এর আওতায় লিখিত পরীক্ষার ফলাফল সময়মত প্রকাশের লক্ষ্যে ইতোপূর্বে ই-রিকুইজিশন প্রদত্ত পদসমূহ বাদ দিয়ে আগামী ৩১/১২/২০১৬ তারিখ পর্যন্ত সম্ভাব্য শূন্যপদের সঠিক তথ্য এনটিআরসিএ'র ওয়েব সাইটে দেয়া পূর্বের ছকে অনলাইনে <http://ngi.teletalk.com.bd> তে লগইন করে ০২/১১/২০১৬ তারিখের মধ্যে প্রদান/আপডেট করতে অনুরোধ করা হলো। উল্লেখ্য, উক্ত সময়ের মধ্যে তথ্য প্রদান না করলে তার প্রতিষ্ঠানে কোন শূন্য পদ নেই মর্মে গণ্য করা হবে।

স্বাক্ষরিত/-

প্রাপক,
সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।

(মোঃ তৌহিদুর রহমান)
পরিচালক